শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moef.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত অংশীজনের সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব পরিমল সিংহ যুগ্মসচিব
সভার তারিখ	: ২৪/০৯/২০২০, সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা
সভার স্থান	: অনলাইন সিস্টেম
উপস্থিতি	: রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থায় ইতোমধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা মনোনয়ন করা হয়েছে। দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা'কে যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করণের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি সভাকে অবহিত করেন, যে কোন অভিযোগকারী যেন দ্রুততম সময়ের মধ্যে সেবা পায় সে বিষয়টি বিবেচনায় রেখে বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সংক্রান্ত যে কোন অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে স্বল্পসময়ে, যথাযথভাবে অভিযোগ নিষ্পত্তিকরণের জন্য দিক-নির্দেশনা দেয়া হয়েছে। অতএব এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ মন্ত্রিপরিষদের দিক-নির্দেশনা যথাযথভাবে পালন করবে। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন এ মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থা ও তাদের অধীনস্থ কার্যালয়সমূহকে নিয়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজন করতে হবে। যুগ্ম-সচিব (পরিবেশ-১) মহোদয় সংশ্লিষ্ট সকল'কে তাদের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে নিয়ে অংশীজনের সভা আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থ বছরের যে এপিএ চুক্তি সম্পাদিত হয়েছে তাতে জিআরএস এবং এনআইএস সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা করার কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। সে অনুসারে এ মন্ত্রণালয়ের ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ অংশীজনের সভা করবে এবং এর কার্যবিবরণী এ মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে।

২। উল্লেখিত আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় দপ্তর/সংস্থা'কে তাদের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে নিয়ে অংশীজনের সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় আরও বলেন বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা আমাদের নৈতিক দায়িত্বের মধ্যে পরে। তারপরও যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগ হতে দ্রুত অভিযোগ নিষ্পত্তি করণের নির্দেশনা রয়েছে এবং প্রতিটি প্রতিষ্ঠানেই ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা রয়েছে। সেহেতু যে কোন অভিযোগ দ্রুততার সাথে যথাযথভাবে নিষ্পতি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত এপিএ ও এনআইএস এর কার্যক্রমের অংশ হিসেবে প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজন করবে।

খ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা সচেষ্ট থাকতে হবে।

গ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন এ মন্ত্রণালয়ের প্রেরণ করবে।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
পরিমল সিংহ
যুগ্মসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫৩.

তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রি:

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল)/উপপ্রধান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৫। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

অধিদপ্তর/সংস্থা: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন সংস্থা, মতিঝিল, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড।
৬। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।
৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সুশাসন অধিশাখা)
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

27/9/2020
নাজনীন হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৯০৭২